# আত-তারিক | At-Tariq | ٱلطَّارِق

আয়াতঃ ৮৬ : ৩

## আরবি মূল আয়াত:

النَّجۡمُ الثَّاقِبُ ﴿٣﴾

## অনুবাদসমূহ:

উজ্জ্বল নক্ষত্র। — আল-বায়ান

উজ্জ্বল নক্ষত্র। — তাইসিরুল

ওটা দীপ্তিমান নক্ষত্র! — মুজিবুর রহমান

It is the piercing star - — Sahih International

### ৩. উজ্জ্বল নক্ষত্র।(১)

(১) প্রথম শপথে আকাশের সাথে وَالطَّارِقِশব্দ যোগ করা হয়েছে। এর অর্থ রাত্রিতে আগমনকারী। নক্ষত্র দিনের বেলায় লুক্কায়িত থাকে এবং রাতে প্রকাশ পায়, এজন্যে নক্ষত্রকে الطَّارِقِবলা হয়েছে। [ইবন কাসীর] কুরআন এ সম্পর্কে প্রশ্ন রেখে নিজেই জওয়াব দিয়েছে (النَّجْمُ الثَّاقِبُ) অর্থাৎ উজ্জ্বল নক্ষত্র। আয়াতে কোন নক্ষত্রকে নির্দিষ্ট করা হয়নি। তাই যে কোন উজ্জল নক্ষত্রকে বোঝানো যায়। [সা’দী] কোন কোন তাফসীরবিদ এর অর্থ নিয়েছেন বিশেষ করে নক্ষত্র ‘সুরাইয়া’; যা সপ্তর্ষিমণ্ডলস্থ একটি নক্ষত্র কিংবা ‘শনি গ্রহ’। আরবী ভাষায় সুরাইয়া ও শনি গ্রহ উভয়কেই نجمবলা হয়ে থাকে। [ফাতহুল কাদীর] ইবনুল কাইয়েম বলেন, যদি উজ্জল নক্ষত্রের উদাহরণ হিসেবে এ দু'টি তারকাকে উল্লেখ করা হয়, তবে কোন সমস্যা নেই। কিন্তু এ দু'টিকে উদ্দেশ্য নেয়া হয়েছে এমন কিছু নির্দিষ্ট করে বলা যাবে না। [আত-তিবইয়ান ফী আকসামিল কুরআন: ১০০]

তাফসীরে জাকারিয়া

### ৩। ওটা দীপ্তিমান নক্ষত্র! [1]

[1] طارقথেকে কি উদ্দেশ্য তা কুরআন স্পষ্ট করে দিয়েছে। অর্থাৎ, উজ্জ্বল নক্ষত্র, طارقশব্দটি طرقথেকে উৎপত্তি হয়েছে। যার আভিধানিক অর্থ হল খটখট শব্দ করা। কিন্তু রাত্রির বেলায় আগমনকারীর জন্যও طارقশব্দ ব্যবহার করা হয়। নক্ষত্রকেও طارقএই জন্য বলা হয় যে, নক্ষত্র দিনের বেলায় লুকিয়ে থাকে এবং রাত্রির বেলায় প্রকাশ পায়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5934

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন